



## “সাশ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী”

### বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা

ক্রমিক নং	বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম
১.	লাইটিং	অপ্রয়োজনে লাইটের ব্যবহার পরিহার করুন।
		প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার হতে বিরত থাকুন।
		নির্ধারিত উজ্জ্বলতা বজায় রাখতে টাস্ক লাইটিং সিস্টেম (যেমন: এলইডি স্পট লাইট, টেবিল ল্যাম্প ইত্যাদি) ব্যবহার করুন।
		দিনের আলোর (ডে-লাইট) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রয়োজনে কক্ষের আসবাবপত্র পুনর্বিन্যস্ত করুন।
		বৈদ্যুতিক বাত্বের উপরিভাবে ধুলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাত্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার পরিছন্ন রাখুন।
		বিদ্যুৎ সাশ্রয়ী এবং জ্বালানি দক্ষ লাইটিং সিস্টেম (যেমন: ইনক্যান্ডেসেন্ট/ সিএফএল লাইটের পরিবর্তে বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি লাইট) ব্যবহার করুন।
২.	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	অপ্রয়োজনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ রাখুন।
		শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস বা এর উপরে রাখুন, কারণ প্রতি ১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বাড়ালে ১০ শতাংশ বিদ্যুৎ সাশ্রয় করা যায়।
		শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র সাশ্রয়ী ও দক্ষভাবে ব্যবহার করতে এবং সর্বাধিক স্বস্তি নিশ্চিত করতে কক্ষের দরজা জানালাসহ বায়ু চলাচল স্থান যতদূর সম্ভব বন্ধ রাখুন, যেমন: দরজার নীচ, ভেন্টিলেটর ইত্যাদি।
		তাপপ্রবাহ রোধে কক্ষের পূর্বদিকের জানালার পর্দা সকাল ১০:০০ টা পর্যন্ত এবং পশ্চিম দিকের জানালার পর্দা দুপুর ২:০০ টার পর থেকে নামিয়ে রাখুন, এতে কক্ষ অপেক্ষাকৃত ঠান্ডা থাকবে।
		শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ফিল্টার মাসে কমপক্ষে একবার পরিষ্কার করুন।
		শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতি বছর কমপক্ষে একবার সার্ভিসিং করুন।
		পুরনো/ অকেজো শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র পরিবর্তনের প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করুন।
৩.	রেফ্রিজারেটর	গরম খাবার ঠান্ডা করার পর রেফ্রিজারেটরে সংরক্ষণ করুন।
		পুরনো/ অকেজো রেফ্রিজারেটর পরিবর্তনের প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী রেফ্রিজারেটর ক্রয় করুন।
৪.	ফ্যান	অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখুন।
		পুরনো/ অকেজো ফ্যান পরিবর্তনের প্রয়োজন হলে বাজারে প্রাপ্যতা সাপেক্ষে বিদ্যুৎ সাশ্রয়ী (যেমন: বিএলডিসি ফ্যান) ফ্যান ক্রয় করুন।
৫.	গ্যাসের চুলা	অপ্রয়োজনে গ্যাসের চুলা বন্ধ রাখুন।
		রান্নার সময় পাত্র ঢেকে রান্না করুন।
		সম্ভব হলে রান্নার জন্য প্রেশার কুকার ব্যবহার করুন।
৬.	অন্যান্য	বৈদ্যুতিক ইন্সট্রির ব্যবহার সীমিত করুন।
		প্রয়োজন না হলে মাইক্রোওয়েভ, কম্পিউটার, টিভি, ওভেন, প্রিন্টার, ফটোকপিয়ার, চার্জার, হ্যান্ড ড্রয়ার ইত্যাদি যন্ত্রপাতির সুইচ বন্ধ রাখুন।
		সম্ভব হলে প্রাত্যহিক কার্যক্রম যেমন: আহার গ্রহণ, টিভি দেখা ইত্যাদি পরিবারের সকলে একসাথে করুন। এতে বিদ্যুৎ ব্যবহার সীমিত রাখা যায়।

বিদ্যুৎ সাশ্রয়ে উল্লিখিত কার্যক্রমসমূহ প্রতিপালন করুন এবং দেশের মূল্যবান জাতীয় সম্পদ সংরক্ষণে

দায়িত্বশীল ও গৌরবময় ভূমিকা রাখুন।

সচেতনতায়-

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

১০ম ফ্লোর, আইইবি ভবন, রমনা, ঢাকা- ১০০০